আয়ারল্যান্ডে প্রাক প্রাথমিক শিক্ষা ও শিশু পরিচর্যা

আয়ারল্যান্ডের শিশু, অক্ষমতা ও সমতা বিভাগ অভিভাবকদের খরচ কমাতে এবং শিশুদের মানসম্মত প্রাক প্রাথমিক শিক্ষা ও শিশু পরিচর্যার সুযোগ নিশ্চিত করতে বিভিন্ন কর্মসূচির অর্থায়ন করে।

বিনামূল্যের প্রাক প্রাথমিক শিক্ষা কর্মসূচি কী?

প্রাক প্রাথমিক শিশু পরিচর্যা ও শিক্ষা (ECCE) কর্মসূচি সকল শিশুকে সেপ্টেম্বর থেকে জুন পর্যন্ত প্রতি সপ্তাহে ৫ দিন, প্রতিদিন ৩ ঘণ্টা করে দুই বছর বিনামূল্যে প্রাক প্রাথমিক শিক্ষা প্রদান করে।

প্রবেশাধিকার ও অন্তর্ভুক্তি কাঠামো (AIM) হলো একটি সহায়তা ব্যবস্থা, যা অতিরিক্ত প্রয়োজনসম্পন্ন শিশুদের প্রাক প্রাথমিক শিক্ষা কর্মসূচিতে অর্থবহভাবে অংশগ্রহণ নিশ্চিত করতে সহায়তা করে।

জাতীয় শিশু পরিচর্যা কর্মসূচি কী?

জাতীয় শিশু পরিচর্যা কর্মসূচি (NCS) পরিবারগুলোকে তাদের শিশুদের প্রাক প্রাথমিক শিক্ষা ও শিশু পরিচর্যার খরচ কমাতে আর্থিক সহায়তা প্রদান করে। এই সহায়তা ২৪ সপ্তাহ থেকে ১৫ বছর বয়সী শিশুদের জন্য পাওয়া যায় যারা টুশলা (Tusla) নিবন্ধিত অংশগ্রহণকারী প্রাক প্রাথমিক শিক্ষা ও শিশু পরিচর্যা সেবায় অংশগ্রহণ করে, যার মধ্যে টুশলা (Tusla) নিবন্ধিত শিশুসেবাদানকারীরাও অন্তর্ভুক্ত। এই সহায়তা প্রাক প্রাথমিক শিশু পরিচর্যা ও শিক্ষা (ECCE)

কর্মসূচি এবং স্কুল সময়ের বাইরে ব্যবহৃত সব ধরনের যত্নের সময়ের খরচ বহন করতে পারে, যার মধ্যে স্কুল-পরবর্তী পরিচর্যাও অন্তর্ভুক্ত।

এই কর্মসূচি সম্পর্কে আরও তথ্য এবং আবেদন করার পদ্ধতি জানতে www.NCS. gov.ie পরিদর্শন করুন অথবা অভিভাবক সহায়তা কেন্দ্র ০১ ৯০৬ ৮৫৩০ নম্বরে যোগাযোগ করুন।

এই সহায়তাগুলো সম্পর্কে আরও পরামর্শের জন্য কার সঙ্গে যোগাযোগ করতে পারি?

আপনার জন্য সহায়তাগুলো সম্পর্কে আরও পরামর্শ পেতে অথবা আপনার এলাকার কোনো টুশলা (Tusla) নিবন্ধিত অংশগ্রহণকারী প্রাক প্রাথমিক শিক্ষা ও শিশু পরিচর্যা সেবা খুঁজে পেতে, আপনি আপনার স্থানীয় শহর/জেলা শিশু পরিচর্যা সমিতির সঙ্গে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের তথ্য পাওয়া যাবে www.gov.ie/childcarecommittees এ। সেবাগুলোর তালিকা, তারা কী কী সুবিধা দেয় এবং তাদের ব্যয় সম্পর্কে জানতে শিশু পরিচর্যা অনুসন্ধান সুবিধাটি পরিদর্শন করুন www.NCS.gov.ie এ, অথবা আপনার স্থানীয় শহর/জেলা শিশু পরিচর্যা সমিতির সঙ্গে যোগাযোগ করতে পারেন।

যেসব শিশুসেবাদাতা এবং পরিবার শিশুসেবাদাতার সেবা ব্যবহার করছেন বা ব্যবহার করার কথা ভাবছেন তারা আরও তথ্য পেতে পারেন www.gov.ie/childcare এ।

শব্দকোষ

Department of Children, Disability and Equality	শিশু, অক্ষমতা ও সমতা বিভাগ
Early Learning and Childcare	প্রাক প্রাথমিক শিক্ষা ও শিশু পরিচর্যা
Early Childhood Care and Education programme	শিশুর শৈশব যত্ন ও শিক্ষা কর্মসূচি
Access and Inclusion Model	প্রবেশাধিকার ও অন্তর্ভুক্তি কাঠামো
National Childcare Scheme	জাতীয় শিশু পরিচর্যা কর্মসূচি
City/County Childcare Committee	শহর/জেলা শিশু পরিচর্যা সমিতি

An Roinn Leanaí, Míchumais agus Comhionannais
Department of Children, Disability and Equality